# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

### রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা  পূর্ণমান — ৫০  বিষয় কোড: ১০২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো:** ৫

(ক) কর্মমুখী শিক্ষা

(খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ

২. (ক) বৃক্ষরোপণ সপ্তাহ পালনের প্রয়োজনীয়তা উল্লেখ করে বন্ধুর নিকট একটি পত্র রচনা করো। ৫

অথবা, (খ) প্রশংসাপত্রের জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট দরখাস্ত লেখো।

৩. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ১০

**(ক) সারাংশ লেখ:**

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধু আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে সেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়ি না খুঁজলেই নয়। উঠবার সিঁড়িটা না খুঁজে পেলে আমাদের আত্মবিনাশ যে অনিবার্য তাতে আর কোনো সন্দেহ থাকে না।

**(খ) সারমর্ম লেখ:**

**দণ্ডিতের সাথে**

দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে
সর্বশ্রেষ্ঠ সে বিচার। যার তরে প্রাণ
কোন ব্যথা নাহি পায়, তার দণ্ড দান
প্রবলের অত্যাচার। যে দণ্ড বেদনা
পুত্ররে না পার দিতে, সে কারেও দিও না।
যে তোমার পুত্র নহে, তারও পিতা আছে,
মহাঅপরাধী হবে তুমি তার কাছে।

৪. **যেকোনো একটি ভাবসম্প্রসারণ করো:** ১০

(ক) দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

অথবা, (খ) কত বড় আমি, কহে নকল হীরাটি
তাইতো সন্দেহ করি নহ ঠিক খাঁটি।

৫. (ক) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে পালিত অনুষ্ঠানে প্রত্যক্ষদর্শী হিসেবে একটি প্রতিবেদন রচনা করো। ১০

(খ) মাদকাসক্তি যুবসমাজের অবক্ষয়ের অনতম একটি প্রধান কারণ। এ বিষয়ে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবোদন রচান করো।

৬. **যেকোনো একটি বিষয়ে রচনা লেখো:** ২০

(ক) শ্রমের মর্যাদা

(খ) মানবকল্যাণে বিজ্ঞান

(গ) স্বদেশপ্রেম

TeachingBD.com

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা | বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ম্-এর পরে যেকোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়। এর উদাহরণ কোনটি?
ⓚ যজ্ঞ ⓚh তন্মধ্যে
ⓖ সঞ্চয় ⓖh রাজ্ঞী

২. 'হরতন', 'রুইতন' শব্দগুলো কোন ভাষার শব্দ?
ⓚ ওলন্দাজ ⓚh পর্তুগিজ
ⓖ ফরাসি ⓖh জাপানি

৩. 'অনুভূতিজাত' ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দ কোনটি?
ⓚ ঝিমঝিম
ⓚh টুপটাপ
ⓖ মিউমিউ
ⓖh সাঁ সাঁ

৪. বাংলা বর্ণমালায় মোট কতটি সরল বা অসংযুক্ত বর্ণ আছে?
বা বাংলা বর্ণমালায় মোট কয়টি বর্ণ আছে?
ⓚ এগারোটি ⓚh উনচল্লিশটি
ⓖ উনপঞ্চাশটি ⓖh পঞ্চাশটি

৫. 'চিরকাল ব্যাপিয়া সুখী = চিরসুখী'— এটি কোন সমাসের উদাহরণ?
ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓚh রূপক কর্মধারয়
ⓖ দ্বিতীয়া তৎপুরুষ
ⓖh বহুব্রীহি

৬. একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্যে মাঝখানে স্বরধ্বনি যুক্ত হওয়াকে কী বলে?
ⓚ পরাগত ⓚh সম্প্রকর্ষ
ⓖ স্বরসংগতি ⓖh অসমীকরণ

৭. যেখানে বিশেষণ বা বিশেষণ ভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্য ভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কোন সমাস বলে?
ⓚ দ্বন্দ্ব সমাস
ⓚh কর্মধারয় সমাস
ⓖ তৎপুরুষ সমাস
ⓖh বহুব্রীহি সমাস

৮. আ + ও = ঔ-এই নিয়মে সাধিত সন্ধিবদ্ধ শব্দ কোনটি?
ⓚ মহৌষধি ⓚh মহৌষধ
ⓖ বনৌষধি ⓖh পরমৌষধ

৯. বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে?
ⓚ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓚh রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ প্যারীচাঁদ মিত্র
ⓖh প্রমথ চৌধুরী

১০. বিশেষ নিয়মে সাধিত 'বহুবচন' নিচের কোন বাক্যটিকে নির্দেশ করে?
ⓚ পোকার আক্রমণে ফসল নষ্ট হয়
ⓚh ঘরে বহু মেহমান এসেছে
ⓖ সকলে সব জানে না
ⓖh মানুষেরা মরণশীল

১১. কোন শব্দে পুরুষ ও স্ত্রীবাচক দুই-ই বোঝায়?
ⓚ শিক্ষক ⓚh কবিরাজ
ⓖ সন্তান ⓖh বন্ধু

১২. কারক, সমাস, বচন, লিঙ্গ ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ⓚ রূপতত্ত্বে
ⓚh ধ্বনিতত্ত্বে
ⓖ বাক্যতত্ত্বে
ⓖh সাহিত্যতত্ত্বে

১৩. 'কাল একবার বেড়াতে এসো'— কোন কাল এবং কোন অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?
ⓚ ভবিষ্যৎ কালের সম্ভাবনায়
ⓚh বর্তমান কালের উপদেশে
ⓖ বর্তমান কালের আদেশে
ⓖh ভবিষ্যৎ কালের অনুরোধে

১৪. হিন্দি নিয়মে সাধিত তারিখবাচক শব্দ কোনটি?
ⓚ চৌঠা ⓚh দশই
ⓖ একুশে ⓖh তেইশে

১৫. 'ইনী'-স্ত্রী প্রত্যয় যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি?
ⓚ জেলেনী ⓚh চাকরানী
ⓖ কাঙালিনী ⓖh ডাক্তারনী

১৬. কৃ, গম, ধৃ, পঠ, স্থ ইত্যাদি—
ⓚ মৌলিক ধাতু
ⓚh বিদেশি ধাতু
ⓖ বাংলা ধাতু
ⓖh সংস্কৃত ধাতু

১৭. 'ছেলেটা অঙ্কে কাঁচা'— এ বাক্যে 'টা'— কী প্রকাশক?
ⓚ সমার্থকতা ⓚh নিরর্থকতা
ⓖ নির্দিষ্টতা ⓖh অনির্দিষ্টতা

১৮. ণত্ব বিধান ও ষত্ব বিধানের নিয়মানুসারে নিচের কোন বানানটি সঠিক?
ⓚ ভাষণ
ⓚh ভাষন
ⓖ পুরষ্কার
ⓖh আবিষ্কার

১৯. 'হ' বর্ণে দ্যোতিত ধ্বনিটি কণ্ঠনালিতে উৎপন্ন হয় বলেই এগুলো কোন ধ্বনি?
ⓚ শিশ ধ্বনি
ⓚh অঘোষ ধ্বনি
ⓖ উষ্ম ঘোষধ্বনি
ⓖh অঘোষ অল্পপ্রাণ ধ্বনি

২০. "আহা, কি আনন্দ আকাশে বাতাসে!"— কোন ধরনের বাক্য?
ⓚ বিবৃতিমূলক ⓚh আদেশসূচক
ⓖ বিস্ময়বোধক ⓖh প্রশ্নবোধক

২১. নিরর্থকভাবে পদাশ্রিত নির্দেশকের ব্যবহার—
ⓚ জামাটি লাল
ⓚh গানটি শুনেছি
ⓖ বিকালটা সুন্দর
ⓖh পড়াটা ভালো লাগে না

http://teachingbd.com

২২. যে ক্রিয়া পদের মূল বা ধাতু বিদেশি ভাষা থেকে এসেছে তাকে কী বলে?
ⓚ সংস্কৃতমূল ধাতু
ⓚ অজ্ঞাতমূল ধাতু
ⓖ বিদেশি ধাতু
ⓖ ণিজন্ত ধাতু

২৩. কোন বাক্যের কর্তা নিরপেক্ষ?
ⓚ আকাশে চাঁদ উঠলে আড্ডা ভাঙে
ⓚ বৃষ্টিতে ভিজলে সর্দি হবে
ⓖ বৃষ্টি হয়েছে তাই আমরা যাব না
ⓖ তুমি যদি যাও তবে সে যাবে

২৪. টাক + উয়া= টেকো— কোন ধরনের তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ?
ⓚ বাংলা তদ্ধিত ⓚ বিদেশি তদ্ধিত
ⓖ সংস্কৃত তদ্ধিত ⓖ বাংলা কৃৎ

২৫. কোন বুঢ়ি শব্দটি উপসর্গযোগে গঠিত হয়েছে?
ⓚ বাঁশি ⓚ তৈল
ⓖ প্রবীণ ⓖ পাঞ্জাবি

২৬. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?
ⓚ হাইফেন ⓚ কমা
ⓖ দাঁড়ি ⓖ লোপ চিহ্ন

২৭. 'সাপেক্ষতা' অর্থে অসমাপিকা ক্রিয়া ব্যবহারের সঠিক উদাহরণ কোনটি?
ⓚ আজ গেলেও কাজ হবে
ⓚ তিনি গেলে কাজ হবে
ⓖ চারটা বাজলে স্কুল ছুটি হবে
ⓖ বৃষ্টিতে ভিজলে সর্দি হবে

২৮. তোমার তরে এনেছি মালা গাঁথিয়া— এখানে 'তরে' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করছে?
ⓚ মত ⓚ হেতু
ⓖ নিমিত্ত ⓖ নিকট

২৯. 'চলিষ্ণু' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো—
ⓚ √চল্ + ষ্ণু
ⓚ √চল্ + ঈষ্ণু
ⓖ √চল্ + ইষ্ণু
ⓖ √চল্ + উষ্ণু

৩০. পৌনঃপুনিকতা বোঝাতে দ্বিরুক্ত শব্দের ব্যবহার কোনটি?
ⓚ ছোট ছোট ডাল কেটে ফেল
ⓚ ঝির ঝির বাতাস বইছে
ⓖ ডেকে ডেকে হয়রান হয়েছি
ⓖ ধীরে ধীরে যাও

৩১. "ঘোড়ায় গাড়ি টানে।" — এখানে 'ঘোড়ায়' কোন কারকে কোন বিভক্তি?
ⓚ কর্তৃকারকে সপ্তমী
ⓚ করণে দ্বিতীয়া
ⓖ কর্মে সপ্তমী
ⓖ অপাদানে শূন্য

৩২. ভাবাধিকরণ কারকে সর্বদা কোন বিভক্তি যুক্ত হয়?
ⓚ দ্বিতীয়া বিভক্তি
ⓚ শূন্য বিভক্তি
ⓖ ষষ্ঠী বিভক্তি
ⓖ সপ্তমী বিভক্তি

৩৩. "শীঘ্রই বৃষ্টি আসবে"— কোন কালের উদাহরণ?
ⓚ সাধারণ বর্তমান
ⓚ বর্তমান অনুজ্ঞা
ⓖ সাধারণ ভবিষ্যৎ
ⓖ ভবিষ্যৎ অনুজ্ঞা

৩৪. যে বাক্যে একটিমাত্র কর্তা এবং একটিমাত্র সমাপিকা ক্রিয়া থাকে তাকে কোন বাক্যে বলে?
ⓚ সরল বাক্য
ⓚ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য
ⓖ খণ্ডবাক্য

৩৫. পদ সংস্থাপনার ক্রম অনুসারী বাক্য কোনটি?
ⓚ পাখি পাকা পেঁপে খায়
ⓚ হৃদয় আমার নাচের আজিকে
ⓖ তোরা যাসনে ঘরের বাহিরে
ⓖ মেঘ কালো আঁধার কালো

৩৬. 'তোমাকে হাঁটতে হবে' — এটা কোন বাচ্যের উদাহরণ?
ⓚ ভাববাচ্যের
ⓚ কর্তৃবাচ্যের
ⓖ কর্মবাচ্যের
ⓖ কর্মকর্তৃবাচ্যের

৩৭. শিক্ষক বললেন, 'পৃথিবী গোলাকার'— এর পরোক্ষ উক্তি কোনটি হবে?
ⓚ শিক্ষক বললেন যে, পৃথিবী গোলাকার
ⓚ শিক্ষক বললেন, পৃথিবী গোলাকার
ⓖ শিক্ষক বললেন পৃথিবী হয় গোলাকার
ⓖ শিক্ষক বললেন যে গোলাকার হয় পৃথিবী

৩৮. দুর্ভাগ্যক্রমে দেশ আবার নানা সমস্যাজালে আবদ্ধ হয়ে পড়েছে — 'দুর্ভাগ্যক্রমে' কোন প্রকারের বিশেষণ?
ⓚ ক্রিয়া বিশেষণ
ⓚ বাক্যের বিশেষণ
ⓖ অব্যয়ের বিশেষণ
ⓖ বিশেষণীয় বিশেষণ

৩৯. 'অঘারাম বাস করে অজপাড়াগাঁয়ে'— 'অঘা' ও 'অজ' কোন ধরনের উপসর্গ?
ⓚ বিদেশি
ⓚ খাঁটি বাংলা
ⓖ তৎসম
ⓖ আ উপসর্গ

৪০. "যারা বাইরের ঠাট বজায় রেখে চলে"— এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?
ⓚ ব্যাঙের আধুলি
ⓚ রাশভারী
ⓖ লেফাফা দুরস্ত
ⓖ ভিজে বেড়াল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | গ |

http://teachingbd.com